কালের কণ্ঠ

তারিখ • 25 MAY 2016 ... ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...২... ......

মাদক সেবনে বাধা

# কালিয়াকৈরে হামলা ভাঙচুর, শিক্ষকসহ আহত ১০

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি ▷** গাজীপুরের কালিয়াকৈরে মাদক সেবন ও বিক্রিতে বাধা দেওয়ায় মাদকসেবীরা স্কুল শিক্ষক ও নারীসহ কমপক্ষে ১০ জনকে পিটিয়ে আহত করেছে। ঘটনাটি ঘটেছে গতকাল মঙ্গলবার সকালে উপজেলার কারলসুরিচালা এলাকায়।

এলাকাবাসী ও পুলিশ জানা যায়, কালিয়াকৈরের সিনাবহ খন্দকারপাড়া এলাকার মাদক ব্যবসায়ী জুয়েল হোসেন, রতন মিয়া তার সহযোগীদের নিয়ে প্রায় প্রতিদিন পাশের কারলসুরিচালা এলাকার স্কুল শিক্ষক মনিরুজ্জামান ইয়াছিনের বাড়ির পাশে মাদক সেবন ও বিক্রি করে আসছিল। গত সোমবার রাতে মাদক ব্যবসায়ী জুয়েল দলবল নিয়ে শিক্ষক মনিরুজ্জামানের বাড়ির পাশে মাদক সেবন করতে যায়। এ সময় ওই স্কুল শিক্ষক তাদের বাধা দেন। এতে ক্ষুব্ধ হয়ে জুয়েল তার লোকজন নিয়ে চলে আসে। এ ঘটনার জের ধরে জুয়েল ও রতনের নেতৃত্বে ছয়-সাতজন মাদকসেবী মঙ্গলবার সকালে শিক্ষক মনিরুজ্জামানের বাড়ির পাশের একটি ব্যাটারি কারখানায় হামলা চালিয়ে ভাঙচুর করে। এ সময় বাধা দেওয়ায় তারা শিক্ষক মনির ও তাঁর স্ত্রী সনিয়া আক্তারসহ অন্তত ১০ জনকে পিটিয়ে আহত করে। এ সময় তাঁদের ডাকচিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এলে মাদকসেবীরা পালিয়ে যায়। এ ঘটনায় শিক্ষক মনিরুজ্জামান বাদী হয়ে কালিয়াকৈর থানায় একটি অভিযোগ দায়ের করেছেন।

কালিয়াকৈর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল মোতালেব মিয়া বলেন, তদন্তসাপেক্ষে আইনি ব্যবস্থা নেওয়া হবে।